# AKASHVANI (AIR)

# RNU : KOLKATA

# Bengali Text Bulletin

**Date: 27.07.2024                    Time: 7-35 A.M.**

-

**বিশেষ বিশেষ খবর –**

১/ নতুন দিল্লিতে আজ নীতি আয়োগের নবম গভর্নিং কাউন্সিলের বৈঠক বসছে।

এতে যোগ দিতে মুখ্যমন্ত্রী দিল্লি গেছেন।

২/ সুপ্রিম কোর্ট, পশ্চিমবঙ্গের রাজ্যপালের সচিব ও কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিবকে একাধিক বিল আটকে রাখার মামলায় নোটিশ জারি করেছে।

৩/ সরকারি কর্মচারী ও পেনশনভোগী এবং তাদের পরিবারকে উন্নত স্বাস্থ্য পরিষেবা দিতে রাজ্য সরকার , স্বাস্থ্য চিকিৎসা প্রকল্পে আরও কিছু হাসপাতালকে যুক্ত করেছে।

৪/ সর্বভারতীয় ক্ষেত্রে বিজ্ঞানের সফল ছাত্র-ছাত্রীদের 'বিজ্ঞান মেধা পুরস্কার' প্রদান করা হয়েছে কলকাতার BITM-এ।

৫/ নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের প্রভাবে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী বৃহস্পতিবার পর্যন্ত বৃষ্টির পূর্বাভাস। উত্তরবঙ্গে আজ থেকে বৃষ্টি বাড়বে।

৬/ ১৩৩-তম ডুরান্ড কাপ ফুটবল প্রতিযোগিতা আজ কলকাতায় শুরু হচ্ছে।

***************************************************************

নতুন দিল্লিতে আজ নীতি আয়োগের নবম গভর্নিং কাউন্সিলের বৈঠক বসতে চলেছে। রাষ্ট্রপতি ভবন সাংস্কৃতিক কেন্দ্রে এই বৈঠকে পৌরোহিত্য করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই বছরে বৈঠকের থিম "বিকশিত Bharat@2047", যার মূল উদ্দেশ্য ভারতকে উন্নত রাষ্ট্র হিসাবে গড়ে তোলা। বৈঠকে বিকশিত ভারত সম্পর্কিত ভিশন ডকুমেন্টের অ্যাপ্রোচ পেপার নিয়ে আলোচনা হবে।
নীতি আয়োগ জানিয়েছে, গভর্নিং কাউন্সিলের বৈঠকে কেন্দ্র ও রাজ্য সরকারগুলির মধ্যে প্রশাসনিক সহযোগিতা গড়ে তোলা, গ্রামীণ ও শহুরে জনগোষ্ঠীর জীবনযাত্রার মানকে উন্নত করা এবং বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে রাজ্যগুলির ভূমিকা নিয়ে বিস্তারিত আলোচনা হবে। বৈঠকে থাকবেন বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যমন্ত্রী ও উপরাজ্যপাল, নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান ও সদস্যরা।
এদিকে নীতি আয়োগের বৈঠকে যোগ দিতে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল নতুন দিল্লি গেছেন। দিল্লি রওনা দেবার আগে কলকাতা বিমানবন্দরে তিনি অভিযোগ করেন, এবারের বাজেটে বাংলা সহ বিজেপি বিরোধী রাজ্যগুলিকে বঞ্চিত করা হয়েছে। এই বঞ্চনা ও রাজ্যকে ভেঙে দেবার চক্রান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানাতেই তিনি নীতি আয়োগের বৈঠকে যোগ দেবেন।

পরে দিল্লীতে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের বলেন, বাজেট পেশ করার আগেই তিনি নীতি আয়োগের বৈঠকে যোগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন। বিরোধী I-N-D-I-A জোটের সদস্যরা একজোট হয়ে ওই বৈঠক বয়কট করার সিদ্ধান্ত নিলে তিনি অন্যকিছু ভাবতেন।

উল্লেখ্য, বাজেটে বঞ্চনার প্রতিবাদে বিজেপি বিরোধী সাত রাজ্যের মুখ্যমন্ত্রীরা ইতিমধ্যেই নীতি আয়গের বৈঠক বয়কট করার কথা জানিয়েছেন।

তৃনমূল কংগ্রেস নেত্রী গতকাল দলের সাংসদদের সঙ্গেও এক বৈঠকে মিলিত হন। তাঁদের তিনি NDA সরকারের বৈষমের বিরুদ্ধে এবং ঐক্যবদ্ধভাবে নিপীড়িত ও বঞ্চিতদের জন্য লড়াই চালিয়ে যেতে বলেছেন বলে সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

********************

সুপ্রিম কোর্ট, পশ্চিমবঙ্গের রাজ্যপালের সচিব ও কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিবকে একাধিক বিল আটকে রাখার মামলায় নোটিশ জারি করেছে। প্রধান বিচারপতি D Y চন্দ্রচূড় ও দুই বিচারপতি J B পারদিওয়ালা ও মনোজ মিশ্রর ডিভিশন বেঞ্চ, সংবিধানের ৩২ নম্বর ধারার আওতায় দাখিল করা পশ্চিমবঙ্গ সরকারের একটি রিট আবেদনের ভিত্তিতে এই নোটিশ জারি করেন।

সরকারের পক্ষ থেকে ওই আবেদনে জানানো হয়েছে, রাজ্যের একাধিক বিল রাজভবনে আটকে রয়েছে। রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস সেগুলিতে সই না করায় বিলগুলি আইন হিসেবে কার্যকর করা যাচ্ছে না। যেসমস্ত বিল রাজ্যপালের অনুমোদনের অপেক্ষায়, তার মধ্যে আছে- পশ্চিমবঙ্গ বিশ্ব বিদ্যালয় আইন সংশোধনী বিল-২০২২, পশ্চিমবঙ্গ  বেসরকারি বিশ্ব বিদ্যালয় আইন সংশোধনী বিল-২০২২, পশ্চিমবঙ্গ  প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ব বিদ্যালয় সংশোধনী বিল-২০২২, পশ্চিমবঙ্গ স্বাস্থ্য বিজ্ঞান সংশোধনী বিল-২০২২, আলিয়া বিশ্ব বিদ্যালয় সংশোধনী বিল-২০২২, পশ্চিমবঙ্গ নগরোন্নয়ন ও পরিকল্পনা সংশোধনী বিল-২০২৩ প্রমুখ। এর মধ্যে ৬'টি বিল জগদীপ ধানখড় রাজ্যপাল থাকাকালীনই তাঁর অনুমোদনের জন্য পাঠানো হয়। পরে সি ভি আনন্দ বোস রাজ্যপালের দায়িত্ব গ্রহণ করলে পাঠানো হয় আরো দুটো বিল। কিন্তু কোনোটিই অনুমোদিত হয়নি।

পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে প্রবীণ আইনজীবি জয়দীপ গুপ্ত শীর্ষ আদালতে বলেন, রাজ্যপালের দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, কয়েকটি বিল রাষ্ট্রপতির বিবেচনার জন্য রাখা হয়েছে, কিন্তু এব্যাপারে সরকারিভাবে তাঁদের কিছু জানানো হয়নি। আরেক প্রবীন আইনজীবি অভিষেক মনু সিংভি এই প্রসঙ্গে সুপ্রিম কোর্টের হস্তক্ষেপের পর তামিলনাড়ুর রাজ্যপালের বিল অনুমোদনের নিদর্শন তুলে ধরেন। সওয়াল-জবাব শেষে শীর্ষ আদালত এই নোটিশ জারি করে।

*********************

কেন্দ্রীয় সরকার ICDS প্রকল্পের বারাদ্দ কমানোয় রাজ্যে মিড ডে মিল প্রকল্প ব্যাহত  হচ্ছে , প্রান্তিক পরিবারের মা ও শিশুদের পুষ্টি প্রশ্নের মুখে পড়ছে বলে  রাজ্যের নারী, শিশু ও সমাজকল্যাণ মন্ত্রী শশী পাঁজা অভিযোগ

করেছেন। বিধানসভার প্রশ্নোত্তর পর্বে গতকাল তিনি এই নিয়ে কেন্দ্রীয় সরকারকে তীব্র আক্রমণ করেন। তিনি বলেন, ২০১২-১৩ সালে কেন্দ্রীয় বাজেটে ICDS প্রকল্পের জন্য বরাদ্দ ছিল ওই মন্ত্রকের মোট বরাদ্দের ৪.৭৬ শতাংশ। এবারেরে কেন্দ্রীয় বাজেটে তা কমে হয়েছে মোট বরাদ্দের ২.২৮ শতাংশ। অথচ গোটা বিশ্বের মধ্যে এদেশেই সব থেকে বেশি শিশু অনাহারে থাকে। শিশু মৃত্যুর হারের নিরিখে বিশ্বে দ্বিতীয় স্থানে রয়েছে ভারত। অথচ সেখানে কেন্দ্রীয় সরকার প্রসূতি ও শিশুদের কল্যাণ নিয়ে সম্পূর্ণ উদাসীন ।

এদিকে, বিধানসভায় গতকাল লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্প নিয়েও তৃণমূল ও বিজেপি সদস্যদের মধ্যে তরজা চলে। এই সংক্রান্ত এক প্রশ্নের উত্তরে শশী পাঁজা পরিসংখ্যান তুলে ধরে সভায় জানান, এখনও পর্যন্ত রাজ্যের প্রায় ২ কোটি ১৬ লক্ষ মহিলা লক্ষ্মীর ভাণ্ডারের সুবিধা পেয়েছেন। আরও ৯ লক্ষ ৩৮ হাজার ৬০০ জন আবেদন জানিয়েছেন। এর মধ্যে ৯ লক্ষ ৫ হাজার ২৬৭ জনের আবেদন অনুমোদন করা হয়েছে। আবেদন বাতিলের কারণ ব্যাখ্যা করে মন্ত্রী জানান, শুধুমাত্র ২৫ থেকে ৬০ বছর বয়সী মহিলারাই লক্ষ্মীর ভাণ্ডারের জন্য বিবেচিত হবেন। এ ছাড়াও জয়েন্ট অ্যাকাউন্ট থাকার কারণেও অনেকের আবেদন বাতিল করা হয়েছে। এক্ষেত্রে সিঙ্গেল বা একক অ্যাকাউন্ট থাকা বাধ্যতামূলক।

৬০ বছর পেরিয়ে যাওয়ায় লক্ষ্মীর ভাণ্ডারের ৩ লক্ষ ১৬ হাজার ৭২৭ জন সুবিধাভোগীকে বার্ধক্য ভাতার আওতায় আনা হয়েছে বলেও তিনি জানান।

*********************

রাজ্যের পুলিশ কর্মীদের এবার ইলেকট্রিক সাইকেল দেওয়া হবে।বিধানসভার অধিবেশনে গতকাল পরিবেশ মন্ত্রী গোলাম রব্বানী এ’কথা জানিয়েছেন ।
এখনও পর্যন্ত ঠিক হয়েছে এধরনের ১২০০ সাইকেল দেওয়া হবে। পরিবেশ দফতরের তরফ থেকে দূষণ বেশি রয়েছে এমন কতগুলি পুরসভায় পরীক্ষামূলকভাবে এই প্রকল্প চালু করা হয়েছে। তাতে আশানুরূপ ফল পাওয়া গেলে পরবর্তী সময়ে ধাপে ধাপে গোটা রাজ্যে এই ব্যবস্থা কার্যকর হবে। মন্ত্রী জানিয়েছেন, হলদিয়া-দুর্গাপুর-

আসানসোল-কলকাতা-হাওড়া এবং ব্যারাকপুরের মতো পুরসভা ও পুরনিগমে ইতিমধ্যেই সাইকেল দেওয়ার কাজ শুরু হয়েছে।

একই সঙ্গে বিধানসভার ছাদে 'নয়েস পলিউশন' পরিমাপের জন্য একটি আধুনিক ডিভাইস বসানোরও প্রস্তাব দিয়েছেন মন্ত্রী । তাঁর দাবি, এই অত্যাধুনিক যন্ত্র গোটা দেশের কোথাও নেই । এর সাহায্যে শব্দ দূষণের পরিমাণ কত তা নির্দিষ্ট করে জানা যাবে ।

*********************

আগামী ৩১শে ডিসেম্বর এর মধ্যে কেন্দ্রীয় সরকার অর্থ বরাদ্দ না করলে রাজ্য সরকার নিজেরাই সেই প্রকল্প রূপায়নের অগ্রসর হবে। এজন্য প্রয়োজনীয় অর্থ সরকার ই দেবে বলে জল অনুসন্ধান ও উন্নয়ন মন্ত্রী ডাক্তার মানস ভুঁইঞা জানিয়েছেন। তিনি গতকাল কলকাতায় তার দপ্তরে এক সাংবাদিক সম্মেলনে জানান ঘাটাল মাস্টার প্ল্যান সহ রাজ্যের গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি কেন্দ্রীয় বরাদ্দের অভাবে শুরু হতে পারছে না। তাই মুখ্য মন্ত্রী রাজ্যের কোষাগার থেকেই এইসব প্রকল্পে টাকা বরাদ্দের কথা ইতি মধ্যে ঘোষণা করেছেন।

প্রসঙ্গত মন্ত্রী জানান ক্ষুদ্র সেচের প্রসারে তার দপ্তর ২ হাজার ২৮৮ টি প্রকল্প বসিয়েছে।এতে ৫৫ হাজার ৮৫৬ হেক্টর জমি সেচ সেবীত হয়েছে।এ জন্য ব্যয় হয়েছে প্রায়৫১২ কোটি টাকা।

*********************

সরকারি কর্মচারী ও পেনশনভোগী এবং তাদের পরিবারকে উন্নত স্বাস্থ্য পরিষেবা দিতে রাজ্য সরকার , স্বাস্থ্য চিকিৎসা প্রকল্পে আরও কিছু হাসপাতালকে যুক্ত করেছে। অর্থ দপ্তরের মেডিক্যাল সেল থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, কলকাতা কিডনি ইন্সটিটিউট, ই এম বাইপাসের টেকনো ইন্ডিয়া ডামা হেলথকেয়ার সেন্টার, দুর্গাপুরের তপোবন হাসপাতালের মত নয়টি সংস্থাকে এর আওতাভুক্ত করা হয়েছে। এরফলে বর্তমানে সরকারি হাসপাতাল ছাড়াও রাজ্যের মোট ১৬৫টি বেসরকারি হাসপাতাল, ২৬টি ডায়গনেস্টিক সেন্টার এই প্রকল্পের সঙ্গে যুক্ত হলো।

এছাড়া সরকারি কর্মচারীদের চিকিৎসা খরচের বিল জমা পড়ার পরে তাতে কোন জটিলতা থাকলে সেই সমস্যা দ্রুত মিটিয়ে ফেলার জন্যেও প্রকল্পের মেডিক্যাল সেলে একজন চিকিতসককে যুক্ত করা হয়েছে।

উল্লেখ্য এই প্রকল্পে বর্তমানে দুই লক্ষ ১৯ হাজার ৮৪৭ জন নাম নথিভুক্ত করেছেন। এর ফলে সুবিধা পাচ্ছেন সাড়ে সাত লক্ষেরও বেশি মানুষ। এই প্রকল্পে সরকারি কর্মচারী ও অবসরপ্রাপ্তরা দেড় লক্ষ টাকা পর্যন্ত ক্যাশলেস স্বাস্থ্য চিকিৎসার সুবিধা পান।

*********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১১২-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ,
প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

*********************

বিজ্ঞান এবং প্রযুক্তির গবেষণার ধারাকে বাধা না দিয়ে তাকে স্বাভাবিক গতিতে এগিয়ে নিয়ে যাওয়া উচিত বলে মন্তব্য করেছেন, বিরলা ইন্ড্রাস্ট্রিয়াল এন্ড টেকনোলজিক্যাল মিউজিয়ামে ডিরেক্টর শুভব্রত চৌধুরী। জাতীয় ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের বিজ্ঞান মেধা পুরস্কার প্রদান অনুষ্ঠানে ডঃ চৌধুরী বলেন, যে কোন সমস্যাকে সারা বিশ্বের ঘটনাবলীর সঙ্গে তুলনা করে চিন্তা করানোর অভ্যাস ছাত্র-ছাত্রীদের মধ্যে গড়ে তুলতে হবে ।

বিড়লা ইন্ডাস্ট্রিয়াল এন্ড টেকনোলজিক্যাল মিউজিয়ামে গতকাল ২০২৩-২৪ সালের জন্য সর্বভারতীয় ক্ষেত্রে বিজ্ঞান বিষয়ে সফল ছাত্রছাত্রীদের সম্মাননা জ্ঞাপন করা হয়।

*********************

নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত বৃষ্টি হচ্ছে। আগামী বৃহস্পতিবার পয়লা আগস্ট পর্যন্ত এই বৃষ্টি চলবে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে। দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পুরুলিয়া ও দক্ষিণ ২৪ পরগণার কয়েকটি এলাকায় ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে আজ থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে। উপকূলবর্তী এলাকায় ঘন্টায় ৪০ থেকে ৬০ কিলোমিটার পর্যন্ত বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা।

সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের গভীর সমুদ্রে না যাবার পরামর্শ দেওয়া হয়েছে।

*********************

নিরাপদ ট্রেন পরিচালনার জন্য প্রয়োজনীয় ট্র্যাক রক্ষণাবেক্ষণ কাজের উদ্দেশ্যে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে নৈহাটি-ব্যান্ডেল সেকশনে নৈহাটি ও গরিফার মধ্যে আপ লাইনে আজ রাত সাড়ে ১১ টা থেকে আগামীকাল পর্যন্ত মোট ৮ ঘণ্টা ট্র্যাফিক ব্লকের পরিকল্পনা নেওয়া হয়েছে। এর ফলে আজ নৈহাটি-ব্যান্ডেল-নৈহাটি, শিয়ালদা-নৈহাটির মধ্যে আপ/ডাউন, শিয়ালদা-রানাঘাটের মধ্যে আপ/ডাউন এবং ডাউন কল্যানী সীমান্ত-নৈহাটি লোকাল বাতিল থাকবে।

এছাড়াও আজ শিয়ালদা-কল্যানী সীমান্ত লোকাল কল্যানী সীমান্ত এর পরিবর্তে নৈহাটি পর্যন্ত যাবে এবং আগামীকাল কল্যানী সীমান্ত-শিয়ালদা লোকাল কল্যানী সীমান্তের পরিবর্তে নৈহাটি স্টেশন থেকে ছাড়বে। এদিকে আজ 13142 নিউ আলিপুরদুয়ার - শিয়ালদা তিস্তা তোর্সা এক্সপ্রেস, 13164 সহর্ষা - শিয়ালদা হাটেবাজারে এক্সপ্রেস , 13190 বালুরঘাট - শিয়ালদা এক্সপ্রেস, 13146 রাধিকাপুর - শিয়ালদা এক্সপ্রেস পরিবর্তিত সময় ছাড়বে বলে পূর্ব রেল সূত্রের খবর।

*********************

ভারত ও বাংলাদেশের মধ্যে আগামীকাল ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস এবং কলকাতা-খুলনা ও খুলনা-কলকাতা বন্ধন এক্সপ্রেস বাতিল করা হয়েছে। বাংলাদেশ রেল সূত্রে এখবর জানা গেছে।

ওই ট্রেনগুলিতে আসন সংরক্ষণ করা যাত্রীদের টিকিটের দাম ফেরত দেওয়া হবে বলে'ও রেলের পক্ষ থেকে জানানো হয়েছে।

*********************

১৩৩-তম ডুরান্ড কাপ ফুটবল প্রতিযোগিতা আজ কলকাতায় শুরু হচ্ছে।
এবার ২৪ টি দল এতে অংশ নিচ্ছে।
যুবভারতী ক্রীড়াঙ্গনে আজকের উদ্বোধনী ম্যাচে গতবারের চ্যাম্পিয়ন মোহনবাগান সুপার জায়ান্ট, শ্রীনগরের ডাউনটাউন হিরোজের বিরুদ্ধে খেলবে।
খেলা শুরু হবে সন্ধ্যা ৬ টায়।

************************************************************